

# ঢাবিতে শেষ হলো ৬ষ্ঠ আন্তর্জাতিক মাইম উৎসব

ঢাবি প্রতিনিধি



ছবি: কালের কঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) টিএসসিতে ঢাকা ইউনিভার্সিটির

মাইম অ্যাকশনের আয়োজনে তিন দিনব্যাপী ৬ষ্ঠ আন্তর্জাতিক

মূকাভিনয় উৎসব ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার ছিল ৬ষ্ঠ

আন্তর্জাতিক মাইম উৎসবের সমাপনী দিন।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সায়মা হক

বিদিশা। এছাড়াও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের নৃত্যকলা

বিভাগের চেয়ারপারসন অধ্যাপক তামাঙ্গা রহমান এবং গবেষক ও

শিক্ষাবিদ ডক্টর মাহদী আমিন।

পড়ুন



‘আমার বাবা আসবে আর গোটা থানা কিনে নেবে’

ঢাকা ইউনিভার্সিটি মাইম অ্যাকশনের সভাপতি উবাইদুল্লাহ

রিদওয়ানের স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এতে

আরও বক্তব্য রাখেন ঢাকা ইউনিভার্সিটি মাইম অ্যাকশনের

প্রতিষ্ঠাতা সভাপতি মীর লোকমান এবং বাংলাদেশ মাইম

ফেডারেশনের সাধারণ সম্পাদক মো. মাহবুব আলম। উপস্থিত

ছিলেন ঢাকা ইউনিভার্সিটি মাইম অ্যাকশনের মডারেটর ফাদার

তপন ক্যামিলাস ডি রোজারিও এবং সংগঠনটির সাবেক সভাপতি

শাহরিয়ার শাওন। উৎসব উপলক্ষে প্রকাশিত বার্ষিক ম্যাগাজিন

‘নৈঃশব্দে’-এর মোড়ক উন্মোচন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি বিভাগের শিক্ষার্থী মেহেরাজ

হাসান শিশির এবং নৃত্যকলা বিভাগের শিক্ষার্থী তাসফিয়া

তাবাসসুম অর্পিতা যৌথভাবে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

দেশি-বিদেশি মাইম শিল্পীদের পরিবেশনা

তিনি দিনব্যাপী এই উৎসবে ডেনমার্ক, দক্ষিণ কোরিয়া, তুরস্ক ও

ভারত থেকে আগত প্রখ্যাত মাইম শিল্পীরা তাদের পরিবেশনা

দিয়ে দর্শকদের মুক্ত করেন। ড্যানি ডেনিস (ডেনমার্ক), জুংহং লি,

কিম বং সিউক, লি জুং হন (দক্ষিণ কোরিয়া), নিরঙ্গন গোস্বামী,

ইলকার (ভারত) ও পিকপিক এর মনোমুক্তকর পরিবেশনায় দর্শক

মেতে ওঠে।

বাংলাদেশের প্লাটফর্ম ২৫, মূকবলাকা, শাওন মাইম একাডেমি,  
শাহজালাল সিদ্ধিক শরন, দা মামারস, টুটুল, মুসতাহিদ রিয়াদ,  
জান্নাতুল ফেরদাউস স্নিফ্কা, নাট্যতরী, গোল্লাচুট, মাইম ট্রি,  
মাইমোটেলস সহ বেশ কয়েকটি দল উৎসবে সক্রিয়ভাবে অংশ  
নিয়েছিল।

### অন্যান্য আয়োজন ও প্রতিযোগিতা

উৎসবের উদ্বোধনী দিনে ফাদার তপন ক্যামিলাস ডি রোজারিওর  
লেখা 'নৈঃশব্দের প্রতিধ্বনি – মাইমের চিরায়ত শিল্পান্বেষণ'  
বইটির মোড়ক উন্মোচন করা হয়।

মাইম প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হন মাশিহাত দিহান বহু। দ্বিতীয়  
স্থান অধিকার করেন জান্নাতুল ফেরদাউস স্নিফ্কা। যৌথভাবে তৃতীয়  
হন সার্বিল এবং আবুল্জাহ, এবং পঞ্চম স্থান অধিকার করেন  
শামীম।

অনুষ্ঠানের শেষাংশে তিন দিনব্যাপী কর্মশালায় অংশ নেওয়া  
শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

এই কর্মশালাগুলো পরিচালনা করেন ডেনমার্কের ড্যানি ডেনিস,  
তুরস্কের ইলকার এবং দক্ষিণ কোরিয়ার জুং ছন লি। উৎসবে  
মাইম পরিবেশনাকারী দল ও ব্যক্তিদের সম্মানসূচক স্মারক প্রদান  
করা হয়।



আকস্মিক বন্যায় নেপালে ভেসে গেছে ১৮ জন

উল্লেখ্য, গত ৫ জুলাই জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক

এএসএম আমানুল্লাহ, নির্মাতা গিয়াসউদ্দিন সেলিম, মানবাধিকার

বিষয়ক সংগঠন মায়ের ডাক এর সমন্বয়ক সানজিদা ইসলাম তুলি

এবং সংগঠনটির সাধারণ সম্পাদক মুন্না আলি বেলুন উড়িয়ে

উৎসবের উদ্বোধন করেন। দ্বিতীয় দিন আয়োজিত বিশেষ

সেমিনারে অংশ নেন বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও

সাংবাদিকতা বিভাগের অধ্যাপক গীতি আরা নাসরীন এবং

পিআইবি মহাপরিচালক ফারুক ওয়াসিফ। ঢাকা ইউনিভার্সিটি

মাইম অ্যাকশন ২০১১ সাল থেকে টিএসসি ভিত্তিক একটি সক্রিয়

সংগঠন হিসেবে কাজ করে আসছে।